# বাংলাদেশ মেশিন টুলস্ ফ্যাক্টরী লিমিটেড

(বাংলাদেশ সেনাবাহিনী কর্তৃক পরিচালিত একটি বাণিজ্যিক প্রতিষ্ঠান)

টেলিফোন নং-০২-৯৯৬৬১৮০৭২-৭৭, ফ্যাক্স-৯২০৫০৯৭
গাজীপুর সেনানিবাস, গাজীপুর

## নিয়োগ বিজ্ঞপ্তি

১। বিএমটিএফ লিঃ জয়দেবপুর, গাজীপুর পরিচালিত গাজীপুর ফ্যাক্টরী প্রাঙ্গনে আর্মি ফার্মা লিঃ এ নিম্নবর্ণিত পদে চুক্তিভিত্তিক নিয়োগ প্রদান করা হবে। পদের বিস্তারিত নিম্নে প্রদত্ত হলোঃ

| ক্র. নং | পদের নাম | যোগ্যতা | বেতন/সুবিধাদি | পরীক্ষার জন্য উপস্থিতির তারিখ ও সময় |
|---|---|---|---|---|
| ১। | ব্যবস্থাপক পিএমডি (০১ জন)<br>(গ্রেড-৭ম এর সমমান) | **১. শিক্ষাগত যোগ্যতাঃ** এমফার্ম।<br>**২. বয়সঃ** বয়স অনূর্ধ্ব ৩২ (বত্রিশ) বছর। তবে অধিক যোগ্যতা সম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে সেক্ষেত্রে বয়স শিথিলযোগ্য।<br>**৩. অভিজ্ঞতাঃ**<br>ক। সংশ্লিষ্ট ক্ষেত্রে ১৫ বছর।<br>খ। সহকারী ব্যবস্থাপক/উপ-ব্যবস্থাপক পদে কমপক্ষে ০৩ বছরের অভিজ্ঞতা।<br>**৪. কার্যবিবরণঃ**<br>ক। বার্ষিক এবং মাসিক বিপণন বাজেট পরিকল্পনা প্রণয়ন করা।<br>খ। টেকনিক্যাল এবং মার্কেটের সম্ভাব্যতা যাচাই করে নতুন পণ্যের জন্য প্রস্থাবনা তৈরি করা।<br>গ। পণ্য অনুযায়ী মার্কেটিং কৌশল প্রণয়ন এবং চলমান পণ্যের কার্যক্রম তত্ত্বাবধান করা।<br>ঘ। মার্কেটে চাহিদা তৈরি করার জন্য বিভিন্ন প্রচারমূলক পরিকল্পনা ডিজাইন এবং প্রচারমূলক উপকরণ বরাদ্দ করা।<br>ঙ। পণ্যের সাথে সম্পর্কিত সমস্ত ধরণের প্যাকেজিং সামগ্রী মুদ্রণ, প্রিন্টেড প্রচার সামগ্রী অনুমোদন এবং রেগুলেটরী অথরিটির রিকোয়ারমেন্টস অনুযায়ী সমস্ত টেস্ট লে আউট চূড়ান্ত করা।<br>চ। পোর্টফোলিও পণ্যের লক্ষ্য নির্ধারণ ও অর্জন করা।<br>ছ। পণ্য প্রচার এবং গ্রাহকের ইতিবাচক সাড়া পাওয়ার জন্য প্রচারমূলক ক্যাম্পেইন আয়োজন করা।<br>জ। পোর্টফোলিও বাজেট তৈরি ও বাস্তবায়ন করা।<br>ঝ। ঘন ঘন ডাক্তার ভিজিট এবং মার্কেট উন্নয়নের জন্য মাঠ পর্যায়ে কাজ করা।<br>ঞ। সকল বিক্রয় কর্মীর জন্য প্রশিক্ষণ কর্মসূচী পরিচালনা করা।<br>ট। সময় সময় অধিনস্থদের কাজের মূল্যায়ন করা। | বেতন আলোচনা সাপেক্ষে। | নির্বাচিত প্রার্থীদের ফোনে এবং ই-মেইল করে জানানো হবে। |
| ২। | ব্যবস্থাপক- একাউন্টস (০১ জন)<br>(গ্রেড-৭ম এর সমমান) | **১. শিক্ষাগত যোগ্যতাঃ** এমকম (ইন্টার ইন আইসিএমএ/সিএ)।<br>**২. বয়সঃ** বয়স অনূর্ধ্ব ৩২ (বত্রিশ) বছর। তবে অধিক যোগ্যতা সম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে সেক্ষেত্রে বয়স শিথিলযোগ্য।<br>**৩. অভিজ্ঞতাঃ**<br>ক। সংশ্লিষ্ট ক্ষেত্রে ১৫ বছর।<br>খ। ইন্টার ইন ICMA/CA<br>**৪. কার্যবিবরণঃ**<br>ক। কোম্পানীর বিভিন্ন বিভাগের সহযোগীতায় বাৎসারিক আর্থিক বাজেট প্রণয়ন করা এবং তা কর্তৃপক্ষের নিকট হতে অনুমোদন গ্রহণ করা।<br>খ। বাজেটের আলোকে অর্থ বরাদ্দ করা এবং তাঁর হিসাব রাখা।<br>গ। কোম্পানীর সকল আয়-ব্যয়ের হিসাব সংরক্ষণ করা। প্রতি মাসে বাজেট ভেরিয়েশন রিপোর্ট তৈরি করা।<br>ঘ। কোম্পানীর সকল ব্যাংক হিসাব পরিচালনা করা।<br>ঙ। কোম্পানীর বিক্রয়লব্ধ টাকা দৈনিক/সাপ্তাহিক/মাসিক/বাৎসরিক ভিত্তিতে সংগ্রহ করা এবং ব্যাংক হিসাবে অন্তর্ভূক্ত করা।<br>চ। কোম্পানীর কর্মরত সকল কর্মকর্তা/কর্মচারীর বেতন ভাতা পরিশোধ করা এবং এর হিসাব রাখা।<br>ছ। কোম্পানীর ব্যয় এর ক্ষেত্রে বিল ভাউচারের উপর নিরীক্ষা সংক্রান্ত কার্যাবলী সম্পাদন করা।<br>জ। সময় ভিত্তিক কোম্পানীর সকল ফাইন্যান্সিয়াল রিপোর্ট কর্তৃপক্ষের নিকট প্রদান করা।<br>ঝ। কোম্পানীর বাৎসরিক ফাইন্যান্সিয়াল অডিট সম্পাদন করানো এবং এ সংক্রান্ত রিপোর্ট কর্তৃপক্ষের নিকট দাখিল করা।<br>ঞ। কোম্পানীর বিভিন্ন সেলস্ ডিপোগুলোর হিসাব তদারকি করা।<br>ট। বিভাগস্থ অন্যান্য সকল কর্মীর প্রয়োজনীয় প্রশিক্ষণের ব্যবস্থা করা।<br>ঠ। সময় সময় বিভাগস্থ কর্মীদের কর্মদক্ষতা মূল্যায়ন করা। | বেতন আলোচনা সাপেক্ষে। | |
| ৩। | সিনিয়র এক্সিকিউটিভ আইটি (০১ জন)<br>(গ্রেড-৮ম এর সমমান) | **১. শিক্ষাগত যোগ্যতাঃ** স্নাতক ইন আইটি।<br>**২. বয়সঃ** বয়স অনূর্ধ্ব ৩২ (বত্রিশ) বছর। তবে অধিক যোগ্যতা সম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে সেক্ষেত্রে বয়স শিথিলযোগ্য।<br>**৩. অভিজ্ঞতাঃ**<br>ক। সংশ্লিষ্ট ক্ষেত্রে ০৫ বছর।<br>**৪. কার্যবিবরণঃ**<br>ক। কোম্পানীর বিভিন্ন বিভাগে ব্যবহৃত কম্পিউটার, হার্ডওয়্যার, সফটওয়্যার, সিস্টেম নেটওয়ার্ক, প্রিন্টার, স্ক্যানার প্রতিস্থাপন, রক্ষণাবেক্ষন ও কনফিগারশনের কার্যাবলী সম্পাদন করা। | বেতন আলোচনা সাপেক্ষে। | |

# বাংলাদেশ মেশিন টুলস্ ফ্যাক্টরী লিমিটেড

(বাংলাদেশ সেনাবাহিনী কর্তৃক পরিচালিত একটি বাণিজ্যিক প্রতিষ্ঠান)

টেলিফোন নং-০২-৯৯৬৬১৮০৭২-৭৭, ফ্যাক্স-৯২০৫০৯৭
গাজীপুর সেনানিবাস, গাজীপুর

| | | | | |
|---|---|---|---|---|
| | | খ। লোকাল এরিয়া নেটওয়ার্ক রক্ষণাবেক্ষন ও তত্ত্বাবধান সংক্রান্ত কার্যাবলী সম্পাদন করা।<br>গ। বিভিন্ন স্থানে স্থাপিত রাউটারের সাথে ইন্টারনেটের সংযোগ সংক্রান্ত কাজের রক্ষণাবেক্ষন করা।<br>ঘ। সিসি ক্যামেরা, ডিভিআর এবং বিভিন্ন নেটওয়ার্ক ডিভাইজ প্রতিস্থাপন ও রক্ষাণাবেক্ষন কার্যাবলী সম্পাদন করা।<br>ঙ। উইনডোজ ডোমেইন কন্ট্রোল, ফাইল শেয়ারিং, এন্টিভাইরাস আপডেট, স্ট্রোরেজ ব্যাকআপ এবং এড্রেস কন্ট্রোল সংক্রান্ত কার্যাবলী সম্পাদন করা।<br>চ। সার্ভার পরিচালনা ও রক্ষণাবেক্ষন, আইপি ফোন, ইন্টাকম, ওয়েবমেইল, আইপি এড্রেস, মাইক্রোসফট আউটলুক, ইআরপি সফটওয়্যার সংক্রান্ত যাবতীয় কার্যাবলী সম্পাদন করা। | | |

২। আবেদনকারীদের নাম, পিতার নাম, মাতার নাম, বর্তমান ঠিকানা, স্থায়ী ঠিকানা, নিজ জেলা, জন্ম তারিখ, শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা, জাতীয়তা, ধর্ম, চারিত্রিক সনদপত্র, জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত ফটোকপি, সদ্য তোলা ০২ (দুই) কপি পাসপোর্ট সাইজের ছবি, শিক্ষাগত যোগ্যতার সনদপত্রের সত্যায়িত কপি, মোবাইল নম্বর, ই-মেইল ও পদের নাম উল্লেখ পূর্বক আবেদনপত্র আগামী ১২ মার্চ ২০২৫ তারিখের মধ্যে বিএমটিএফ লিঃ এর প্রশাসনিক শাখা (এইচআরডি) তে ডাক/কুরিয়ার/হাতে হাতে পৌছাতে/জমা দিতে হবে।

৩। আবেদনপত্র বাতিল বা সংরক্ষণসহ নিয়োগ সংক্রান্ত যে কোন বিষয়ে নিয়োগ কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

স্থানঃ বিএমটিএফ, গাজীপুর সেনানিবাস

তারিখঃ ২৭ ফেব্রুয়ারি ২০২৫

জেনারেল ম্যানেজার (এইচআরএম)

ব্যবস্থাপনা পরিচালকের পক্ষে